

# ভারতীয় জনতা পার্টি

কেন্দ্রীয় কার্যালয়

১১ নং অশোক রোড, নয়াদিল্লি

ফোন: ২৩০০৫৭০০, ফ্যাক্স-২৩০০৫৭৮৭

তাঁ- ৩০শে জানুয়ারি, ২০১৪

## সাংসদ ও বিজেপির জাতীয় মুখ্যপাত্র প্রকাশ জাভাড়েকরের প্রেস বিবৃতি

১. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া হঠাতে করে ব্যাঙ্কের মূল সূচক ০.২৫ বাড়িয়েছে, এর ফলে মূল্যবৃদ্ধি তো কমবেই না বরং উল্লেখ প্রভাব ফেলবে এবং বাড়বে তেলের দাম। সুফল দেখতে না পেলেও ইউপিএ সরকার বহুবার ব্যাঙ্ক রেট, সিসিআর, রেপো রেট ও রিভার্স রেপো রেট বাড়িয়েছে। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে সরকার সুদের হার বাড়িয়ে চাহিদা কমানোর পথ নিয়েছে।

এনডিএ ক্ষমতা ছাড়ার সময় ব্যাঙ্ক রেট ও রেপো রেট ছিল ৬ শতাংশ, ইউপিএ ক্ষমতায় এসে বাড়িয়ে ৯ শতাংশ করেছে। চড়া হারে সুদ বলবৎ হওয়ায় শিল্প রফতানি ক্ষতিগ্রস্ত হয়েছে, মধ্যবিত্ত শ্রেণির ইএমআই বেড়ে গেছে। চড়া হারে ঋণ অর্থনীতির সর্বক্ষেত্রে বিরূপ প্রতিক্রিয়া ফেলেছে।

ইউপিএ সরকার জোগানের লাইনে সফল হতে না পারায় মুদ্রাস্ফীতি বাগে আনতে ব্যর্থ হয়েছে। অর্থনীতির পুনরজীবনে মনমোহন সিং ও চিদম্বরমের ভাবনার যে দেউলিয়া অবস্থা, এটা তারই ফল।

২, কংগ্রেস সরকার চায়, পরিবার পিছু ভর্তুকি দেওয়া রান্নার গ্যাস সিলিন্ডার বছরে ৯টা থেকে বাড়িয়ে ১২টা করার ঘোষণায় সবাই আঞ্চাদে আটখানা হোক। দেশের মানুষ কংগ্রেস সরকারের প্রশংসা করার মেজাজে নেই। মানুষের সাদাসিধে প্রশংসন, কে প্রথম ভর্তুকি সিলিন্ডার কমিয়ে ৬টা করেছিল? রান্নার গ্যাসের দাম বাড়ানোর জনবিবেচনায় সিদ্ধান্তের প্রভাব পড়েছে মূল্যবৃদ্ধিতে। এর জন্য জনগণ ইউপিএ সরকারকে ক্ষমা করবে না এবং ভুলবে না। ২০১২-র জুলাই পর্যন্ত সব পরিবার চাহিদা অনুযায়ী ভর্তুকির গ্যাস সিলিন্ডার পেত। ২০১২-র অগাস্ট থেকে সরকার তা প্রত্যাহার করে নিয়েছে।

এনডিএ সরকার ক্ষমতা থেকে সরে আসার সময় প্রতিটি ভর্তুকি সিলিন্ডারের দাম ছিল ২৪৪ টাকা, এখন ভর্তুকি সিলিন্ডারের দাম হয়েছে ৪১৫ টাকা। খোলা বাজারে মানুষকে কিনতে হচ্ছে সিলিন্ডার

এখন ভর্তুকি সিলিন্ডারের দাম হয়েছে ৪১৫ টাকা। খোলা বাজারে মানুষকে কিনতে হচ্ছে সিলিন্ডার  
পিচু ১২৪১ টাকায়। সোরগোল তোলা এইচবিটি রূপায়িত না হওয়ায় অধিকাংশ পরিবারই উপকার  
থেকে বঞ্চিত।

অরুণকুমার জৈন  
অফিস সেক্রেটারি